



প্রবাসী কল্যাণ ব্যাংক

প্রধান কার্যালয়

প্রবাসী কল্যাণ ভবন

৭১-৭২ পুরাতন এ্যালিফেন্ট রোড, ইস্কাটন, ঢাকা-১০০০

আন্তর্জাতিক বাণিজ্য ও রেমিটেন্স বিভাগ

রেমিটেন্স বিভাগের পরিপত্র নং-১৫/২০১৯

তারিখঃ ০৪/০৯/২০১৯

বিষয়ঃ বাংলাদেশ কৃষি ব্যাংকের সাব-রিপ্রেজেন্টেটিভ হিসেবে NBL Money Transfer ও Ria Money Transfer এর সাথে প্রবাসী কল্যাণ ব্যাংকের টাকা ড্রয়িং এ্যারেঞ্জমেন্ট সম্পর্ক স্থাপনের প্রেক্ষিতে PIN Code পদ্ধতিতে রেমিটেন্স কার্যক্রম শুরু প্রসঙ্গে।

বাংলাদেশ ব্যাংকের নীতিমালা ও নিয়মাচার অনুসরণ পূর্বক এবং প্রবাসী কল্যাণ ব্যাংকের ব্যবস্থাপনা কর্তৃপক্ষের অনুমোদনক্রমে অদ্য ০৪/০৯/২০১৯ তারিখ হতে NBL Money Transfer ও Ria Money Transfer এর সাথে PIN Code পদ্ধতিতে রেমিটেন্স কার্যক্রম পরিচালনার সিদ্ধান্ত গৃহিত হয়েছে।

০২.০০। আলোচ্য মানি ট্রান্সফার ব্যবস্থাটি মূলত কম্পিউটার ও ইন্টারনেট প্রযুক্তি নির্ভর ব্যবস্থা। গত ফেব্রুয়ারি-মার্চ ২০১৯ মাসে প্রজেক্ট ফাইনাল শীর্ষক কর্মশালার পাশাপাশি Ria Money Transfer এর সাথে PIN Code পদ্ধতিতে রেমিটেন্স কার্যক্রম পরিচালনার হাতে কলমে ইতোমধ্যে প্রশিক্ষণ প্রদান করা হয়েছে বিধায় এ বিষয়ে আর কোন প্রশিক্ষণ আয়োজিত হবে না। NBL Money Transfer ও Ria Money Transfer এর নির্ধারিত Payment URL/Website address এ Login করে শাখা সমূহ পেমেন্ট কার্যক্রম সম্পন্ন করবে। বর্তমানে প্রবাসী কল্যাণ ব্যাংকের ৬৩টি শাখার প্রতিটির আলাদা USER ID ও Password দিয়ে Login সম্পন্ন করে পেমেন্ট করতে হবে বিধায় অত্র পরিপত্রের সাথে NBL Money Transfer ও Ria Money Transfer এর ইউজার ম্যানুয়ালসহ USER ID ও Password প্রেরণ করা হল। শাখা কর্মকর্তাগণ USER ID ও Password টি নিরাপত্তাজনিত কারণে মাঝে মাঝে পরিবর্তন করবেন।

০৩.০০। স্পট ক্যাশ পদ্ধতিতে প্রাপ্ত অর্থ ছাড়করণ/ পরিশোধের ক্ষেত্রে করণীয়ঃ

০৩.০১। নিম্নলিখিত তথ্যগুলো শাখা প্রথমেই গ্রাহকের নিকট থেকে সংগ্রহ করবেঃ

- ১। প্রাপকের নাম, পূর্ণ ঠিকানা এবং সচল মোবাইল নম্বর।
- ২। প্রাপকের ছবি যুক্ত বৈধ পরিচয় পত্রের ফটোকপি, যেকোন ০১টি (পাসপোর্ট, জাতীয় পরিচয়পত্র/স্মার্টকার্ড, ড্রাইভিং লাইসেন্স বা সরকার কর্তৃক ইস্যুকৃত ছবি ও স্বাক্ষরযুক্ত পরিচয়পত্র ইত্যাদি)।
- ৩। প্রেরকের নাম।
- ৪। প্রেরকের দেশের নাম।
- ৫। প্রেরিত অর্থের পরিমাণ।
- ৬। গোপন সংখ্যা বা পিন নম্বর। উল্লেখ্য যে, NBL Money Transfer ও Ria Money Transfer এর উভয়ের ক্ষেত্রে পিন নম্বর ১১ ডিজিটের হবে। সেক্ষেত্রে গ্রাহকের নিকট হতে কোন কোম্পানীর মাধ্যমে টাকা প্রেরণ করা হয়েছে তা নিশ্চিত হতে হবে। পিন নম্বর যে কোন সংখ্যা দিয়ে শুরু হবে। উল্লেখ্য, পিন নম্বরটি ০৬ মাস পরপর পুনরাবৃত্তি হতে পারে সুতরাং হিসাব সমন্বয়ের কাজটি শাখা কর্তৃক দ্রুততার সহিত সম্পন্ন করতে হবে।

০৩.০২। শাখা কর্তৃক করণীয়ঃ

১। গ্রাহকের উপরোক্ত তথ্য জানা থাকলে গ্রাহককে প্রথমে ০১টি আবেদন ফরম পূরণ করে দিতে হবে। আবেদন ফরমের নমুনা এতদসঙ্গে সংযুক্ত করা হলো (সংযুক্তি-০২)। আবেদন ফরমের স্বাক্ষরের সাথে প্রাপকের ছবিযুক্ত বৈধ পরিচয়পত্রের স্বাক্ষরের অবশ্যই মিল থাকতে হবে।

(ক) পিন নম্বর/গোপন সংখ্যা (১১ ডিজিট)।

(খ) প্রেরকের নাম।

(গ) প্রাপকের দেশের নাম।

- (ঘ) প্রত্যাশিত অর্থের পরিমাণ।
 (ঙ) প্রাপকের পরিচয়পত্রের ধরণ এবং পরিচয়পত্রের নম্বর।
 (চ) প্রাপকের নাম।
 (ছ) প্রাপকের সচল মোবাইল নম্বর (সরাসরি যাচাই স্বাপেক্ষে)।
 (জ) প্রাপকের পরিচয়পত্র প্রদানের তারিখ ও মেয়াদ উত্তীর্ণের তারিখ।

২। আবেদন-ফরম পূরণের পর শাখার দ্বায়িত্বপ্রাপ্ত কর্মকর্তা সরাসরি পেমেন্টের ব্যবস্থা নিবেন।

৩। শাখার নিম্নবর্ণিত ডকুমেন্টগুলো সঠিকভাবে সংরক্ষণ করতে হবেঃ

- (১) আবেদনপত্রের মূলকপি যা ভাউচারের সাথে যুক্ত করে রাখতে হবে এবং আবেদনপত্রে গ্রাহকের স্বাক্ষর শাখার ভারপ্রাপ্ত কর্মকর্তা কর্তৃক সত্যায়িত হতে হবে।
 (২) গ্রাহকের ছবি ও স্বাক্ষরসহ পরিচয়পত্রের ফটোকপি যাতে সত্যায়নকারী হিসেবে শাখার ভারপ্রাপ্ত কর্মকর্তার স্বাক্ষর থাকতে হবে যা ভাউচারের সাথে যুক্ত করে রাখতে হবে।

০৩.০৩। হিসাবায়ন পদ্ধতিঃ (ক)শাখার ক্ষেত্রে-

১। বাংলাদেশ কৃষি ব্যাংকের সাব-রিপ্রেজেন্টেটিভ হিসেবে NBL Money Transfer ও Ria Money Transfer এর সাথে মানি ট্রান্সফার ব্যবস্থাটি Post Funded এবং Cover Fund after payment ভিত্তিতে পরিচালিত হবে তাই সংশ্লিষ্ট শাখার আদায়যোগ্য হিসাব বা Receivable (Spot Cash Remittance) Code (100072400) সাব হেড থেকে স্পট ক্যাশ প্রদান করতে হবে।

উদাহরণঃ সফটওয়্যারে পোস্টিং পদ্ধতিঃ Back office>Cash Credit>Select Dr- Receivable (Spot Cash Remittance)> Amount> Particular- Payment through RIA/ NBL > Submit।

২। নিম্নরূপ নগদ ভাউচার (ডেবিটঃ বিকলন ভাউচার/ক্যাশ ভাউচার) প্রস্তুত করে গ্রাহককে টাকা প্রেরণ করতে হবে।

খাতের নামঃ Receivable (Spot Cash Remittance) Code (100072400)

উদাহরণঃ ক্যাশ ভাউচার এর নমুনা কপি সংযুক্ত।

প্রাপ্ত রেমিটেন্সের অর্থ নগদে প্রদান করার জন্য প্রস্তুতকৃত ভাউচারের অপর পৃষ্ঠায় গ্রাহকের দুইটি স্বাক্ষর নিতে হবে যার সাথে তার পাসপোর্ট/জাতীয় পরিচয় পত্র/ ড্রাইভিং লাইসেন্স/ অন্যান্য ফটোযুক্ত সরকারি পরিচয়পত্র ইত্যাদিতে বর্ণিত নাম ও স্বাক্ষরের অবিকল মিল আছে মর্মে বিতরণকারী কর্মকর্তা উহা সত্যায়ন করবে।

৩। প্রতিটি রেমিটেন্স/ট্রানজেকশনের জন্য পৃথক ভাউচার প্রস্তুত করতে হবে।

৪। শাখার আদায়যোগ্য হিসাব থেকে পরিশোধিত অর্থের হিসাব সঠিক ও যথাযথভাবে রক্ষণাবেক্ষণ করার জন্য পৃথক রেজিস্টার সংরক্ষণ করতে হবে। রেজিস্টারের নমুনা নিম্নরূপঃ

Payment Register for Riya Money Transfer					
Month: January 2019					
No	Date	Sender Name	Beneficiary Name	Beneficiary Cell No	Amount in BDT

৫। প্রধান কার্যালয় কর্তৃক প্রেরিত Receivable (Spot Cash Remittance) Code (100072400)এর ক্রেডিট এডভাইস শাখা কর্তৃক প্রাপ্তির পর নিম্নরূপ ট্রান্সফার ভাউচার করতে হবেঃ

(ক)ডেবিটঃ Inter Branch Transaction(199999999) :ক্রেডিটঃ Receivable (Spot Cash Remittance) Code (100072400)।



৬। শাখা হতে স্পট ক্যাশ রেমিটেন্সের অর্থ বিতরণের সাপ্তাহিক বিবরণী নিম্নবর্ণিত ছকে এম এস এক্সেল শিটে remittance@pkb.gov.bd ইমেইলে সফট কপি এবং শাখার দুইজন কর্মকর্তার স্বাক্ষরসহ প্রেরণ নিশ্চিত করতে হবে। উল্লেখ্য যে, প্রধান কার্যালয়ের মাসিক সমন্বয় সভায় উপস্থাপনের জন্য শাখা হতে কোন রেমিটেন্স বিতরণ না করা হলে নির্ধারিত ফরম্যাটে মাসিক শূন্য বিবরণী প্রেরণ করতে হবে।

Probashi Kallyan Bank, _____ Branch		Weekly Statement of Spot Cash Remittance				Date:
Sl No	Date	Exchange House Name	Country Name	Beneficiary Name	Phone No	Amount in BDT

(খ) প্রধান কার্যালয়ের ক্ষেত্রেঃ

১। শাখা কর্তৃক প্রদানকৃত স্পট ক্যাশ রেমিটেন্সের অর্থ বাংলাদেশ কৃষি ব্যাংকের লোকাল প্রিন্সিপাল শাখায় প্রবাসী কল্যাণ ব্যাংকের একাউন্টে জমা হয়েছে মর্মে নিশ্চিত হবার পর প্রধান কার্যালয়ের সংশ্লিষ্ট বিভাগ নিম্নরূপ ট্রান্সফার ভাউচার প্রস্তুত করবেঃ

ডেবিটঃ ব্যাংক হিসাব (বাংলাদেশ কৃষি ব্যাংক)(100020000) : ক্রেডিটঃ Receivable (Spot Cash Remittance) Code (100072400)


২। শাখা কর্তৃক প্রদত্ত স্পট ক্যাশ রেমিটেন্সের বিবরণী অনুসারে প্রধান কার্যালয়ে হতে সংশ্লিষ্ট শাখায় আলাদাভাবে ক্রেডিট এডভাইস প্রদান করে নিম্নরূপ ট্রান্সফার ভাউচার প্রস্তুত করতে হবেঃ

ডেবিটঃ Receivable (Spot Cash Remittance) Code (100072400) : ক্রেডিটঃ Inter Branch Transaction(199999999)

০৪.০০। স্পট ক্যাশ রেমিটেন্স বিতরণের বিষয়ে শাখার প্রতি বিশেষ নির্দেশনাঃ

এ পরিপত্রের নির্দেশনাবলী অনুসরণপূর্বক বাংলাদেশ কৃষি ব্যাংকের সাব-রিপ্রেজেন্টেটিভ হিসেবে NBL Money Transfer ও Ria Money Transfer এর সাথে প্রবাসী কল্যাণ ব্যাংকের টাকা ড্রয়িং এয়ারেঞ্জমেন্ট সম্পর্ক স্থাপনের পরিপ্রেক্ষিতে প্রাপ্ত রেমিটেন্সের অর্থ সংশ্লিষ্ট গ্রাহকদের পরিশোধের ক্ষেত্রে শাখাসমূহ নিষ্ঠার সাথে কাজ করে ব্যাংকের রেমিটেন্স ব্যবসার সফল অবদান রাখার জন্য সংশ্লিষ্ট সকলকে পরামর্শ দেয়া হল। এ বিষয়ে অধিকতর স্পষ্টীকরণের প্রয়োজনে সংশ্লিষ্ট সকলকে পিকেবি, আন্তর্জাতিক বাণিজ্য ও রেমিটেন্স বিভাগ, প্রধান কার্যালয়, ঢাকার সাথে যোগাযোগ করার জন্য অনুরোধ করা হল।

০৫.০০। পরিপত্রের নির্দেশনা অবিলম্বে কার্যক্রম হবে।


(মোঃ রমজান হোসেন)
ডেপুটি ভাইস প্রেসিডেন্ট
১৬

শাখা ব্যবস্থাপক (সকল)
প্রবাসী কল্যাণ ব্যাংক।

সংযুক্তিঃ ১। ইউজার ম্যানুয়ালসহ USER ID ও Password এর তালিকা।

২। স্পট ক্যাশ আবেদনপত্র ও ক্যাশ ভাউচারের নমুনা কপি।

সদয় জ্ঞাতার্থে ও কার্যার্থে অনুলিপিঃ

১. বিভাগীয় প্রধান, সকল বিভাগ, প্রবাসী কল্যাণ ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা।
২. ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের একান্ত সচিব, প্রবাসী কল্যাণ ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা।
৩. উপব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের একান্ত সচিব, প্রবাসী কল্যাণ ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা।
৪. অফিস কপি।

স্পট ক্যাশ আবেদনপত্র

বরাবর
 শাখা ব্যবস্থাপক
 প্রবাসী কল্যাণ ব্যাংক
 _____ শাখা।

বিষয়ঃ বৈদেশিক রেমিটেন্স নগদায়ন প্রসঙ্গে।

জনাব

আপনার ব্যাংকের মাধ্যমে আমার অনুকূলে বিদেশ হতে নগদ পেমেন্টের জন্য over the counter/Spot Cash এর মাধ্যমে টাকা পাঠানো হয়েছে, যার বিবরণ নিম্নরূপঃ

(১) এক্সচেঞ্জ হাউস/ ব্যাংকের নামঃ _____

(২) প্রেরণকারী দেশের নামঃ _____

(৩) প্রেরকের নামঃ _____

(ক) বর্তমান ঠিকানাঃ _____

(খ) স্থায়ী ঠিকানাঃ _____

(৪) পিন/গোপনীয় নম্বরঃ _____

(৫) টাকার পরিমাণঃ _____ (কথায়) _____

(৬) আবেদনকারীর পরিচয়পত্রের ধরনঃ পাসপোর্ট/ ভোটার আইডি/স্মার্ট কার্ড/ ড্রাইভিং লাইসেন্স/ অন্যান্য।

(৭) আবেদনকারীর পরিচয়পত্রের নম্বরঃ _____

আবেদনকারীর নামঃ _____

পিতা/স্বামীর নামঃ _____

মাতার নামঃ _____

ঠিকানাঃ _____

টেলিফোন/মোবাইল নং _____

আমি অঙ্গীকার করছি যে, উপরোল্লিখিত তথ্যসমূহ সত্য ও সঠিক। ভবিষ্যতে এ সকল তথ্যে কোনরূপ গরমিল প্রমাণিত হলে গৃহিত টাকা ফেরত দিতে আমি বাধ্য থাকব। আমাকে উপরোল্লিখিত টাকা পরিশোধের জন্য অনুরোধ করছি।

আপনার বিশ্বস্ত,

_____ নামঃ _____

sh



সাধাৰন উদ্দেশে

প্রবাসী কল্যাণ ব্যাংক

শাখা প্রবাসী কল্যাণ

24020

বিকলন ভাউচাৰ (ডেবিট)

তারিখঃ	দিন	মাস	বছর
	29	08	12

হিসাবের নাম <u>আদায় কাম্য ছিমাৰ (ডেবিট কাম্য)</u>				
শাখার কোড নং	প্রেফিক্স	হিসাবের কোড নং	প্রেফিক্স	হিসাবের কোড নং
<u>666</u>		<u>2000 92800</u>		

মুদ্রার কোড

পরিমাণ
<u>= 20000/-</u>

কথায়
<u>দুই লাখ শতক</u>

বর্ণনা

<u>৫৯৯৮</u> (৯) বিয়া হানি কাম্য কাম্য (৯) মে
<u>অর্ন্তত ৫৯৯৮ কাম্য (৯) মে</u>
<u>প্রবাসী কাম্য কাম্য</u>

অনুস্বাক্ষর		
প্রস্তুতকারী	পোস্টিং	পরীক্ষনকারী

১২ কর্মকর্তা
অনুমোদিত স্বাক্ষর

২৫ কর্মকর্তা
অনুমোদিত স্বাক্ষর

কাম্য ভাউচাৰৰ বেছনৈৰ অংক

"প্রবাসী কাম্য"
"প্রবাসী কাম্য"

১২ কর্মকর্তা
২৫ কর্মকর্তা

১২/১৫